মিরপুরের মতো ঢাকার সব ফুটপাত দখলমুক্ত করা হবে: ডিএনসিসি প্রশাসক

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক শফিকুল ইসলাম খান মিল্টন। ছবি: সংগৃহীত

মিরপুরের মতো রাজধানীর প্রতিটি ফুটপাত দখলমুক্ত করার ঘোষণা দিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক শফিকুল ইসলাম খান মিল্টন।

শুক্রবার (৯ অক্টোবর) সকালে রাজধানীর মিরপুর-১০ এলাকায় মেট্রোরেলের পিলারে জুলাইয়ের গ্রাফিতি কার্যক্রমের উদ্বোধন শেষে তিনি এ কথা বলেন।

ডিএনসিসি প্রশাসক বলেন, বাধা এলেও ফুটপাত দখলমুক্ত রাখা হবে। নতুন করে ফুটপাত দখলের কোনো ষড়যন্ত্র হলে তা প্রতিহত করা হবে।

তিনি বলেন, সরকার জনগণের স্বার্থকে প্রাধান্য দিয়ে কাজ করতে চায়। জনগণ যা চাইবে না, সিটি করপোরেশনও তা করবে না। ফুটপাতে সবুজায়নের কাজ চলছে জানিয়ে তিনি বলেন, যেসব স্থানে ফুটপাত ভেঙে গেছে, সেগুলো সংস্কার করে দৃষ্টিনন্দন করে তোলা হবে।

অটোরিকশা চলাচলের দাবির বিষয়ে শফিকুল ইসলাম খান মিল্টন বলেন, দেশের কেউ অটোরিকশার পক্ষে আন্দোলন করবে না। অথচ একটি বড় রাজনৈতিক দলের মহাসচিব অটোরিকশা চলাচলের দাবি মেনে নিতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন, যা হাস্যকর। পরে খোঁজ নিয়ে তিনি জানতে পারেন, ওই নেতার নিজেরই ৭০০টি অটোরিকশা রয়েছে বলে দাবি করেন ডিএনসিসি প্রশাসক।

তিনি আরও বলেন, নতুন করে কোনো ষড়যন্ত্র হলে নগরবাসীকে সঙ্গে নিয়ে তা প্রতিহত করতে তিনি প্রস্তুত।